

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
www.mymensinghdiv.gov.bd

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ-এর দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২৭ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. মুহাম্মদ মফিজুল ইসলাম
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

সভার স্থান : পরিচালক এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৭/০৫/২০২৪ খ্রি.।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এর দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ-এর দাপ্তরিক কর্মকাণ্ড ও সেবা প্রদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বোর্ডে সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবাসমূহ এবং সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে বিশদভাবে সভাকে অবহিত করেন। বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সভায় উপস্থিত সকলে নিম্নোক্ত মতামত ব্যক্ত করেন।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১.	জনাব ফেরদৌসি বেগম, বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অফিস, ময়মনসিংহ জানান যে, বর্তমানে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের যৌথবীমা/কল্যাণ ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান অনলাইনে দাখিলের মত চিকিৎসা সেবার আবেদনও অনলাইন করা যায় কিনা তিনি তা বিবেচনার জন্য পরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	চিকিৎসা সেবা অনলাইন পদ্ধতিতে চালু করণের প্রস্তাব প্রেরণ।	পরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ।
০২.	জনাব মায়মুনা জাহান, উপ-সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ময়মনসিংহ জানান যে, শিক্ষাবৃত্তি ১৩-২০ গ্রেডের কর্মচারীদের সন্তানদের প্রদান করা হচ্ছে। ১০ম গ্রেডের কর্মচারীর সন্তানদের ক্ষেত্রেও শিক্ষাবৃত্তি প্রদানের ব্যবস্থা রাখার প্রস্তাব জানান।	সকল গ্রেডের অসামরিক কর্মে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব প্রেরণ।	উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ।
০৩.	জনাব আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত উপপরিচালক, অতিরিক্ত পরিচালকের দপ্তর, ডিএই, ময়মনসিংহ জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আমাদের প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান নিরলস সরকারি কর্মচারী ও তাঁদের পরিবারের কল্যাণে কাজ করে যাচ্ছে। কিন্তু এ সকল সেবা সম্পর্কে না জানার কারণে অনেকেই সেবা নিতে পারে না। তাই সেবা সম্পর্কে প্রচারের বিকল্প নেই বলে তিনি উল্লেখ করেন।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবার বিষয় সম্পর্কে সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীকে অবহিত কার্যক্রম অব্যাহত রাখা।	উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ।
০৪.	জনাব মোহাম্মদ মনিরুজ্জামান, আঞ্চলিক সহকারী তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ সেবা প্রদান	সেবাসমূহ গুলি অনলাইন প্রক্রিয়ায় হওয়ায়	পরিচালক

Stipend

<p>প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয় সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন সেবার যথাযথ প্রশংসা করেন এবং সেবাসমূহগুলি অন-লাইনে হওয়ায় সেবাগ্রহীতারা খুব সহজেই মোবাইল ম্যাসেজের মাধ্যমে তাহার ফলাফল খুব দ্রুত জানতে পারছেন বলে জানান এবং তিনি আরও জানান যে, সাধারণ চিকিৎসা সেবার পাশাপাশি জটিল ও ব্যয় বহুল চিকিৎসা সাহায্যের অনুদানটি বিভাগীয় পর্যায়ে আনয়ন করা প্রয়োজন।</p>	<p>সেবাগ্রহীতার কাছে বার্তাগুলি দ্রুত প্রেরণ করা এবং সাধারণ চিকিৎসা সেবার মত জটিল ও ব্যয়বহুল চিকিৎসাকেও বিভাগ পর্যায়ে নিয়ে আসা। এ বিষয়ে উচ্চ পর্যায়ে প্রস্তাব প্রেরণ।</p>	<p>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ।</p>
--	--	---

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মুহাম্মদ মফিজুল ইসলাম)
পরিচিতি নং ৮২৭৬
পরিচালক

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৬৬৬১২৬২

ই-মেইল: directormymensingh@bkkb.gov.bd

নথি নং ০৫.৮১.০০০০.০০১.৩০.০১০.২৩-২১৮

তারিখ : ২৮-০৫-২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :

- ০১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। অফিস কপি;

(ড. মুহাম্মদ মফিজুল ইসলাম)
পরিচিতি নং ৮২৭৬
পরিচালক

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৬৬৬১২৬২

ই-মেইল: directormymensingh@bkkb.gov.bd